

# Job

## Chapter 17

Bengali Interlinear

Reference: Bengali Bible

1 רוּחִי חָבְלָה יָמִי נִזְעַכּוּ קִבְרִים לִי:  
[H7307](#) [H3117](#) [H2193](#) [H6913](#)

আমার হৃদয় ভগ্ন হয়েছে। আমি প্রাণ ত্যাগের জন্য প্রস্তুত। আমার জীবন প্রায় শেষ হয়ে এসেছে। কবর আমার জন্য অপেক্ষা করছে।

2 אִם-לֹא הַתְּלִים עֲמָדִי וּבְהַמְרוֹתָם תָּלֵן עֵינַי:  
[H3808](#) [H2049](#) [H5978](#) [H4784](#)

লোকে আমার চারপাশে দাঁড়িয়ে আমার প্রতি বিদ্রূপের হাসি হাসছে। আমি দেখছি ওরা যেন আমায় টিটকিরি করছে ও অপমান করছে।

3 שְׂיִמְהָ-נָא עָרְבֵנִי עֲמָדָה מִי אִוָּא לִיְיָ יִתְקַע:  
[H4994](#) [H6148](#) [H4310](#) [H1931](#) [H3027](#) [H8628](#)

“ঈশ্বর! আমাকে মুক্তকরার মূল্য দিন। আর কেউ আমায় সাহায্য করতে পারবে না।”

4 כִּי-לִבִּי צָפְנָה מִשְׁכָּל עַל-צֶן לֹא תִרְמָם:  
[H6845](#) [H7922](#) [H3808](#)

আপনি আমার বন্ধুদের বোধশক্তিহরণ করেছেন তাই তারা কিছুই বুঝতে পারছে না। ওদের জয়ী হতে দেবেন না।

5 לַחֲלֹק יָיִד רַעִים וְעֵינַי בְּנוֹ תִכְלָנָה:  
[H5046](#) [H7453](#) [H3615](#)

আপনি জানেন লোকে কি বলছে। ‘বন্ধুকে সাহায্য করার জন্য একজন লোক তার নিজের সন্তানদের উপেক্ষা করছে।’ কিন্তু আমার বন্ধু আমার বিরুদ্ধে গেছে।

6 וְהִצָּנִי לְמִשְׁלַל עַמִּים וְחַפָּת לִפְנֵים אֱהִיָּה:  
[H3322](#) [H4914](#) [H8611](#) [H6440](#) [H1961](#)

আমার নামকে ঈশ্বর প্রত্যেকের কাছে একটা মন্দ শব্দে পরিণত করেছেন। লোকে আমার মুখের ওপর থুতু দেয়।

7 וְתִכָּה מִכְעַשׁ עֵינִי וַיִּצְרִי כִצָּל כָּלָם:  
[H3338](#) [H6738](#) [H3605](#)

আমার চোখ প্রায় অন্ধ হয়ে গেছে কারণ আমি প্রচণ্ড দুঃখ ও যন্ত্রণার মধ্যে আছি। আমার সারা দেহ প্রচণ্ড শীর্ণ হয়ে ছায়ার মতো হয়ে গেছে।

8 יִשְׁמֹו יִשְׂרָיִם עַל-זֹאת וְנָקִי עַל-חַנָּה יִתְעַלֶּר:  
[H8074](#) [H3477](#) [H2063](#) [H2611](#) [H5782](#)

এর ফলে ভালো লোকরা যথার্থই বিহবল হয়ে পড়েছে। যারা ঈশ্বরকে মানে না তাদের বিরুদ্ধে। নির্দোষ লোকদের উত্তেজিত করা হচ্ছে।

9 וַיֵּאָחֲזוּ צַדִּיק רַבִּו וַיִּתְּהָר-רָדִים יִיָּהּ אֲמִן:  
[H0270](#) [H6662](#) [H1870](#) [H2891](#) [H3027](#) [H3254](#) [H0555](#)

কিন্তু ভাল লোকরা ভাল জীবনযাপন করবে। নিষ্পাপ লোকরা আরও শক্তিশালী হবে।

10 וְאֵלֶּם כָּלֵם תִּשְׁבּוּ וַיֵּבֹאוּ נָא וְלֹא־ אֲמַצָּא בָכֶם קָדָם:

[H2450](#) [H4672](#) [H3808](#) [H4994](#) [H0935](#) [H7725](#) [H3605](#) [H0199](#)

“কিন্তু এগিয়ে এসো তোমরা সবাই এসো এবং আমাকে বুঝিয়ে দাও যে সবই আমার দোষ তোমাদের কেউই জ্ঞানী নও।

11 יָמִי עֲבְרוּ זְמַנִּי נִתְּקוּ מִזֶּרְעִי לִבִּי:

[H3824](#) [H4180](#) [H5423](#) [H2154](#) [H3117](#)

আমার জীবন শেষ হয়ে যাচ্ছে আমার পরিকল্পনা ধ্বংস হয়ে গেছে আমার আশা চলে গেছে।

12 לִלְלָה לַיִּים יְשִׁימוּ אֹזֶר קְרוֹב מִפְּנֵי קִשְׁף:

[H2822](#) [H6440](#) [H7138](#) [H0216](#) [H3117](#) [H3915](#)

কিন্তু আমার বন্ধুরা সব গুলিয়ে ফেলেছে তারা ভাবে রাতটাই দিন তারা ভাবে অন্ধকারই আলোকে দূর করে।

13 אִם־ אֶקְרָא שְׁאוֹל בֵּיתִי בְּחִשְׁף רַפְּתִי צִוְּעִי:

[H7502](#) [H2822](#) [H7585](#)

“কবরকেই আমি আমার নতুন ঘর বলে হয়তো আশা করতে পারি হয়তো অন্ধকার কবরে আমি আমার শয্যা পাতার আশা করব।

14 לְשִׁחַת קְרָאתִי אָבִי אֶתָּה אֲמִי אֶחָתִי לָרִמָּה:

[H7415](#) [H0269](#) [H0517](#) [H0001](#) [H7121](#) [H7845](#)

আমি কবরকে বলতে পারি ‘তুমিই আমার পিতা’ এবং কুমিকীটদের বলতে পারি ‘আমার মা’ ও ‘আমার বোন’

15 וְאַיָּה אִפּוֹ תִקְוֹתִי תִקְוֹתִי מִי יְשׁוּרָה:

[H7789](#) [H4310](#) [H0645](#) [H0346](#)

কিন্তু তা যদি আমার একমাত্র আশা হয় তাহলে আমার আর কোন আশাই নেই তাই যদি আমার একমাত্র আশা হয় তাহলে লোকে আমার জন্য আর কোন আশাই দেখবে না।

16 בְּרִי שְׁאוֹל תִּרְדָּנָה אִם־ יַחַד עַל־ עֲפָר נַחַת: ס

[H6083](#) [H3381](#) [H7585](#) [H0905](#)

আমার আশাও কি কবরে যাবে? আমরা কি এক সঙ্গে ধূলায় মিশে যাবো?”